


আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১৭ মে, ২০২১ ২০:৪৭

ভ্যাট রিটার্ন দাখিলে কুমিল্লার ট্রিপল হ্যাটট্রিক

কুমিল্লা প্রতিনিধি:



ভ্যাট রিটার্ন দাখিলে টানা ৯ মাস চ্যাম্পিয়ন হয়েছে ভ্যাট কমিশনারেট কুমিল্লা। গত বছরের আগস্ট থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত এ সাফল্যের ধারা অব্যাহত রেখেছে তারা। সোমবার কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কুমিল্লার কমিশনার মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী এ তথ্য নিশ্চিত করেন। এপ্রিলে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থান অর্জন করে যথাক্রমে যশোর, সিলেট, রংপুর ও এলটিইউ ভ্যাট কমিশনারেট।

কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কুমিল্লা সূত্রে জানা যায়, এপ্রিল মাসে ম্যানুয়াল ও অনলাইনে রিটার্ন জমা হয় ৯৬.২১শতাংশ। যার মধ্যে অনলাইনে দাখিল হয় ৯৬.০৮শতাংশ। ১০ হাজার ৩৯৭টি প্রতিষ্ঠানের মধ্যে ১০ হাজার তিনটি প্রতিষ্ঠান রিটার্ন দাখিল করে। অনলাইনে রিটার্ন দাখিল করে নয় হাজার ৯৮৯টি প্রতিষ্ঠান।

জাতীয় রাজস্ব বোর্ডের জুলাই ২০২০ মাসের অনলাইন রিটার্ন দাখিল হার ছিল ২৫.১৮শতাংশ, যা বর্তমানে এপ্রিল ২০২১ মাসে দাঁড়ায় ৪২.৪৮শতাংশে। অন্যান্য কমিশনারেটগুলোর মধ্যেও চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, সিলেট, ঢাকা (উত্তর), ঢাকা (দক্ষিণ), ঢাকা (পূর্ব) ও ঢাকা (পশ্চিম) এর রিটার্ন দাখিলের হার ক্রমাগতই প্রায় দ্বিগুণ হয়েছে। কুমিল্লা কমিশনারেটের আগস্ট মাসের রিটার্ন দাখিলের হার ৯১.১৮শতাংশ, সেপ্টেম্বর মাসে ৯৩.৮৭শতাংশ, অক্টোবর মাসে ৯৪.১৬শতাংশ, নভেম্বর মাসে ৯৩.৮০শতাংশ, ডিসেম্বর মাসে ৯৪.৯৯শতাংশ, জানুয়ারি মাসে ৯৭.০৯শতাংশ, ফেব্রুয়ারি মাসে ৯৭.২৮শতাংশ, মার্চ মাসে ৯৫.৪৭শতাংশ ও এপ্রিল মাসে ৯৬.০৮শতাংশ।

কুমিল্লা সদর দপ্তরের সহকারী কমিশনার ছালাউদ্দিন রিপন বলেন, ‘মহামারী আছে, থাকছে। দেশের অর্থনীতির ভীতও দুর্বল হতে দেয়া যাবে না। তাই ঈদের বন্ধের মধ্যেও কুমিল্লার কর্মপ্রবণ টিম তাদের আন্তরিকতা ও দক্ষতার পরিচয় দিয়েছে। টানা লকডাউনেও ধারাবাহিকতা ধরে রেখেছে। কুমিল্লা কমিশনারেটের নেয়া ব্যতিক্রমী উদ্যোগ কুমিল্লাকে সেরার আসন ধরে রাখতে

উদ্ধৃত করেছে।’

কাস্টমস, এক্সাইজ, ভ্যাট কমিশনারেট কুমিল্লার কমিশনার বেলাল হোসাইন চৌধুরী জানান, ‘অনলাইনে ভ্যাট রিটার্ন জমাদানের সময় সার্ভারে ত্রুটি, বিদ্যুৎ ভোগান্তি ছিল। ভ্যাট প্রদানকারী প্রতিষ্ঠানের লোকজন অফিসে এসে ম্যানুয়াল রিটার্ন পেপার জমাদান করতে পারছিল না। নানা সীমাবদ্ধতা সত্ত্বেও কমিশনারেটের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের অক্লান্ত পরিশ্রমে অনলাইন ভ্যাট রিটার্ন জমা করেছে।’

বিডি প্রতিদিন/এ মজুমদার